দৈনিক বাংলা

তারিখ ২৪।৯।৮...
পৃষ্ঠা...

021

# উইলস লিটল ফ্লাওয়ার স্কুল সোসাইটির চেয়ারম্যানের প্রতিবাদ

(স্টাফ রিপোর্টার)

উইলস লিটল ফ্লাওয়ার স্কুল সোসাইটির চেয়ারম্যান জনাব আব্দুস সোবহান ২৩শে সেপ্টেম্বর "দৈনিক বাংলায়" প্রকাশিত "লিটল ফ্লাওয়ার স্কুলটির অস্তিত্ব বিপন্ন" শীর্ষক প্রতিবেদনের কিছু অংশের প্রতিবাদ করেছেন।

জনাব সোবহান জানান, স্কুলের কমিটি বেআইনী নয়। এই কমিটি সোসাইটি আইনের অধীনে গঠিত হয়েছে। তিনি অঙ্গীকার করেন—"সোসাইটির আইনের সকল ধারা মান্য করিব।"

তিনি জানান, উচ্চ পর্যায়ের মার্শাল ল' টিম স্কুল পরিদর্শন করে কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করেছেন। এই টিম তাদের "ত্রুটি-বিচ্যুতি নিয়ে দেখছেন" বলেও জনাব সোবহান উল্লেখ করেন। তিনি জানান, শিক্ষক-শিক্ষিকার চাকরির নিয়োগপত্র "কোন কোন ক্ষেত্রে দেয়া না হলেও" এখন তাদের বেতনের সমন্বয় সাধন করা হয়েছে। তবে কোন কোন ক্ষেত্রে নিয়োগপত্র দেয়া হয় না—এ সম্পর্কে তিনি কিছুই জানাননি। চাকরি আইনানুগ করার উদ্দেশ্যে শিক্ষক-শিক্ষিকাদের "বায়োডাটা যোগাড় করা হয়েছে" বলে জনাব সোবহান জানিয়েছেন। স্কুলে কোন দলাদলি নেই বলে তিনি দাবী করেন।

প্রতিবাদলিপিতে জনাব সোবহান জানান, পরিত্যক্ত সাড়ে চার বিঘা জমি স্কুলকে দেয়া হবে, সরকারের এই আশ্বাসের ভিত্তিতে ঢাকার ডেপুটি কমিশনার জমি হুকুম-দখল করে স্কুল কর্তৃপক্ষের হাতে ন্যস্ত করেছেন। কিন্তু একটি স্বার্থান্বেষী চক্র স্কুলের জমি আত্মসাতের প্রচেষ্টায় লিপ্ত রয়েছে। প্রায় দুই হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ এবং জনস্বার্থে চক্রান্তকারীদের হাত থেকে স্কুলটিকে বাঁচানোর জন্য সরকারের কাছে তিনি আবেদন জানান।